

এনবিপিএম হাইস্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন

পাকশী-পাবনা

জরুরী সভা

মাধ্যমঃ অনলাইন জুম

তারিখঃ ১৩ মার্চ ২০২৩

সময়ঃ রাত ১০:০০ ঘটিকা।

এনবিপিএম হাইস্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর সন্মানিত সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সিনিয়র সহ-সভাপতি ও পাকশী ইউনিয়ন পরিষদের সুযোগ্য চেয়ারম্যান জনাব সাইফুজ্জামান পিন্টু - এর সভাপতিত্বে গত ১৩ মার্চ ২০২৩ রাত ১০ ঘটিকায় অনলাইন জুম মাধ্যমে অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর কার্যনির্বাহী কমিটির এক জরুরী সভা অনুষ্ঠিত হয়।

সভায় অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর সন্মানিত সাধারণ সম্পাদক ড. মো. আব্দুর রাজ্জাক সঞ্চালনা করেন এবং প্রারম্ভিক ভাবে আজকে জরুরী সভার প্রেক্ষাপট ও অ্যালামনাই অ্যাসোসিয়েশনের করণীয় বিষয়ক বক্তব্য উপস্থাপন করেন।

সভায় বক্তব্য প্রদান করেন জনাব মুজিবুল ইসলাম পিন্টু (ব্যাচ-১৯৮৪), আকতার আহমেদ বিপ্লব (ব্যাচ-১৯৮৬), মোস্তাফিজুর রহমান ছবি (ব্যাচ-১৯৮৭), আলী আশরাফুজ্জামান বাব্বী (ব্যাচ-১৯৮৭), কাজী মাসুদুর রহমান (ব্যাচ-১৯৮৯), শামসুজ্জাহা পলাশ (ব্যাচ-১৯৯০), আনিসুর রহমান (ব্যাচ-১৯৯১), আবুল বাশার নান্নু (ব্যাচ-১৯৯১), মাসুদ রানা (ব্যাচ-১৯৯২), আমিনুর রহমান মিলন (ব্যাচ-১৯৯৫), জামাল উদ্দিন সুজন (ব্যাচ-১৯৯৫), মিঞা মোঃ মাহাফুজুল করিম (ব্যাচ-১৯৯৪), তানিয়া শর্মা বকুল (ব্যাচ-১৯৯৬), মেহেদী হাসান (ব্যাচ-২০০৯), মোঃ মাহাফুজুর রহমান রাজু (ব্যাচ-২০০০), ডা. নাজমুন তানিয়া (ব্যাচ-২০১০) প্রমুখ।

সভাপতির বক্তব্যে জনাব সাইফুজ্জামান পিন্টু ভাই অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি হিসাবে জনাব আমিন উল আহসান কামাল ভাই এর গুরুত্ব, তাঁর অপরিহার্যতা ও অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বিরুদ্ধে চক্রান্ত ইত্যাদি বিভিন্ন বিষয়ে আলোকপাত করেন এবং সকলে ঐক্যবদ্ধভাবে জনাব আমিন উল আহসান কামাল ভাই এর নেতৃত্বে আগামীতে সকল কার্যক্রম সফলভাবে এগিয়ে যাবে সেই প্রত্যাশা ব্যক্ত করেন।

এজেন্ডা:

১। সভাপতি পদ নিয়ে উদ্ভূত সংকট নিরসনে করণীয় বিষয়ে।

২। বিবিধ

উপরোক্ত এজেন্ডার আলোকে সভায় সকলের আলোচনায় যে সকল সিদ্ধান্ত সমূহ গৃহিত হয় তা নিম্নে বর্ণনা করা হলঃ

আলোচ্য সূচি	সিদ্ধান্তসমূহ
১. সভাপতি পদ নিয়ে উদ্ভূত সংকট নিরসনে করণীয় বিষয়ে।	কমিটির সকল সদস্য অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর সভাপতি মহোদয় জনাব আমিন উল আহসান কামাল ভাই এর হঠাৎ পদত্যাগের অভিপ্রায়ে মর্মান্বিত এবং এর পিছনের কারণ বিশ্লেষণের চেষ্টা করেন। দুইচক্র তাদের দূরভিসন্ধি বাস্তবায়নে এবং অ্যালামনাই অ্যাসোসিয়েশনের মহতী উদ্দেশ্যকে বানচাল করতে সক্রিয় তা স্পষ্ট। সুতরাং তারা প্রথম আঘাত হিসাবে সভাপতি মহোদয়কে

	<p>মানসিকভাবে ক্ষতিগ্রস্থ ও দুর্বল করার চেষ্টা করেছে। সেখান হতেই মূলত এই অভিপ্রায় সৃষ্টি।</p> <p>কার্য নির্বাহী কমিটি দুষ্টিচক্রের এরূপ অভিসন্ধির বিরুদ্ধে দৃঢ় অবস্থানে রয়েছে এবং তাদের দুরভিসন্ধিমূলক প্রচেষ্টাকে ঘৃণা জানিয়েছে।</p> <p>উপস্থিত সকল সদস্য একমত পোষন করেছেন যে, অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বৃহত্তর স্বার্থে সভাপতি হিসেবে আমাদের শ্রদ্ধেয় বড় ভাই জনাব আমিন উল আহসান কামাল অপরিহার্য। সবাই তার পদত্যাগের অভিপ্রায় বিষয়টি সর্বসম্মতভাবে গ্রহণ না করার পক্ষে একমত পোষন করেন।</p> <p>খুব দ্রুত সময়ের মধ্যে আলামনাই অ্যাসোসিয়েশনের সদস্যবৃন্দ সভাপতি মহোদয়ের সাথে স্ব-শরীরে দেখা করবেন এবং অ্যাসোসিয়েশনের বৃহত্তর কর্মপরিকল্পনা ও আগ্রগতি নিয়ে আলোচনা করে তাঁর দিকনির্দেশনা গ্রহন করবেন।</p>
<p>২. বিবিধ</p>	<p>ক) কিছু অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির কারণে এনবিপিএম হাই স্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর সভাপতি মহোদয় মনোকষ্ট থেকে তার পদত্যাগের অভিপ্রায় ব্যক্ত করেছেন মাত্র। যা শুধুমাত্র অ্যালামনাই অ্যাসোসিয়েশন কার্যনির্বাহী কমিটিতে প্রকাশ করেছেন।</p> <p>কিন্তু কমিটির সদস্যদের মধ্য হতে কেউ এর একটি স্ক্রিনশট বাহিরের স্বাথার্থীদের কাছে পাঠিয়েছে যা বিভিন্ন মাধ্যমে তারা ছড়িয়েছে। এহেন হীন কর্মকান্ড অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ভাবমূর্তিকে ক্ষুন্ন করেছে এবং কমিটির সদস্যদের মধ্যে একপ্রকার অবিশ্বাস ও আস্থাহীনতা তৈরীর অপচেষ্টা করেছে। বর্তমান কমিটির যে সদস্য এবং স্বার্থার্থেষী দলের যারা এরূপ বিভ্রান্তি ছড়িয়েছেন তাদের প্রতি কমিটির অন্যসকল সদস্য চরমভাবে ঘৃণা প্রকাশ করছে এবং তাদের এরূপ অভিসন্ধিমূলক কাজকে ধিক্কার জানাচ্ছে।</p> <p>খ) আসন্ন মাহে রমজানে অ্যালামনাই অ্যাসোসিয়েশন পাকশী অথবা ঢাকাতে ইফতার মাহফিলের আয়োজন করবে। এবিষয়ে বিস্তারিত নির্দেশনা খুব দ্রুত সকলকে অবহিত করা হবে।</p>

পরিশেষে আজকের সভার সভাপতি এনবিপিএম হাই স্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর সন্মানিত সিনিয়র সহ-সভাপতি ও পাকশী ইউনিয়ন পরিষদের সুযোগ্য চেয়ারম্যান জনাব সাইফুজ্জামান পিন্টু ভাই অ্যালামনাইকে শক্ত ভীতের উপর দাঁড় করানোর জন্য অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি জনাব আমিন উল আহসান কামাল ভাই এর নেতৃত্বে আমরা ঐক্যবদ্ধ এবং সকল অপতৎপরতার বিরুদ্ধে

অ্যালামনাই দৃঢ় অবস্থানে থাকবে তা পুনরায় ব্যক্ত করেন এবং সকল সদস্যকে সভায় সক্রিয় অংশগ্রহন ও মতামত প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

প্রস্তুত করণে,




মো. আবুল বাশার নান্নু
সাহিত্য ও প্রকাশনা সম্পাদক

নিরীক্ষণে,



ড. মো. আব্দুর রাজ্জাক
সাধারণ সম্পাদক

অনুমোদনক্রমে,



মো. সাইফুজ্জামান পিন্টু
সিনিয়র সহ-সভাপতি